

30T ECON
(BENGALI)

2020

ECONOMICS

Full Marks : 100

Pass Marks : 30

Time : Three hours

*The figures in the margin indicate full marks
for the questions.*

PART-A (ক - অংশ)

Q. No. 1 (a - f) carries 1 mark each	1×6 = 6
Q. No. 2 - 7 carries 2 marks each	2×6 = 12
Q. No. 8 -12 carries 4 marks each	4×5 = 20
Q. No. 13 & 14 carries 6 marks each	6×2 = 12
	<hr/> Total = 50

PART-B (খ - অংশ)

Q. No. 15 (a - f) carries 1 mark each	1×6 = 6
Q. No. 16 - 21 carries 2 marks each	2×6 = 12
Q. No. 22 -26 carries 4 marks each	4×5 = 20
Q. No. 27 & 28 carries 6 marks each	6×2 = 12
	<hr/> Total = 50

Total (PART A & B) : 50 + 50 = 100

PART-A/ক-অংশ

1. (a) What does a Production Possibility Curve indicate ? 1

উৎপাদন সম্ভাব্য রেখা কী নির্দেশ করে?

- (b) If an increase in the price of good X increases the demand for good Y, then how the two goods are related ? 1

যদি X দ্রব্যের দাম বৃদ্ধি Y দ্রব্যের চাহিদা বৃদ্ধি করে, তাহলে দ্রব্য দুটি কীভাবে সম্পর্কিত?

- (c) Total Variable Cost (TVC) will be _____, when total product is zero. (Fill in the blank) 1

মোট উৎপাদন শূন্য হলে, মোট পরিবর্তনশীল ব্যয় _____ হবে।
(শূন্যস্থান পূর্ণ করো)

- (d) A firm earns normal profit when – 1

(i) $AR > AC$

(ii) $AR = AC$

(iii) $AR < AC$

(iv) $MR = MC$

(Choose the correct answer)

একটি প্রতিষ্ঠান স্বাভাবিক লাভ করে যখন —

(i) $AR > AC$

(ii) $AR = AC$

(iii) $AR < AC$

(iv) $MR = MC$

(শুদ্ধ উত্তরটি বেছে নাও)

- (e) In a centrally planned economy, which of the following takes all economic decisions ? 1

(i) Central Bank

(ii) Market

(iii) Government

(iv) Both Government and Central Bank

একটি কেন্দ্রীয়ভাবে পরিকল্পিত অর্থনীতিতে অর্থনৈতিক সিদ্ধান্তগুলি নিম্নোক্ত কোন প্রতিষ্ঠান গ্রহণ করে?

(i) কেন্দ্রীয় ব্যাঙ্ক

(ii) বাজার

(iii) সরকার

(iv) কেন্দ্রীয় ব্যাঙ্ক এবং সরকার উভয়েই।

- (f) What are the shapes of AR and MR curve for a firm under non-competitive market structure ? 1

অপ্রতিযোগিতার বাজারের অন্তর্গত প্রতিষ্ঠানের ক্ষেত্রে গড় আয় এবং প্রান্তিক আয় রেখার আকৃতি কী ধরনের?

2. Mention two reasons that give rise to economic problems. 2

অর্থনৈতিক সমস্যা উদ্ভবের দুটি কারণ উল্লেখ করো।

3. What is a budget line ? Why does it slope downward ? 1+1=2

বাজেট রেখা কী? এই রেখার ঢাল নিম্নগামী কেন হয়?

4. If a unit tax is imposed, how does it impact the short-run supply curve of a firm ? Show with the help of diagram. 2

যদি একক কর আরোপিত হয়, তাহলে একটি প্রতিষ্ঠানের হ্রস্বকালীন যোগান রেখাকে কীভাবে সেটি প্রভাবিত করবে? চিত্রের সাহায্যে দেখাও।

5. What is 'break-even point' of a firm ? At which point of the AC curve, a firm under perfect competition breaks-even ? 1+1=2

একটি প্রতিষ্ঠানের জন্য সমতা-ভঙ্গ বিন্দু কী? পূর্ণ প্রতিযোগিতায় একটি প্রতিষ্ঠান গড় ব্যয় রেখার কোন বিন্দুতে সমতা-ভঙ্গ অবস্থা প্রাপ্ত হয়?

6. What does price elasticity of supply mean ? Briefly explain. 2

যোগানের দাম স্থিতিস্থাপকতা কী? সংক্ষেপে ব্যাখ্যা করো।

7. What is a monopolistic competitive market ? 2

একচেটিয়া প্রতিযোগিতামূলক বা একচেটিয়াধর্মী প্রতিযোগিতার বাজার কাকে বলে?

8. Discuss four features of indifference curve. 4

নিরপেক্ষ রেখার চারটি বৈশিষ্ট্য আলোচনা করো।

9. Define and draw average cost and average variable cost curve. Why these two curves can't touch each other ? 3+1=4

গড় ব্যয় এবং গড় পরিবর্তনশীল ব্যয়ের সংজ্ঞা লেখো এবং এই রেখা দুটি অঙ্কন করো। এই রেখা দুটি পরস্পরকে কেন স্পর্শ করতে পারে না?

OR/ অথবা

The Total Cost (TC) schedule of a production unit is given below. Find out TFC, TVC, AC and MC. 4

একটি উৎপাদন এককের মোট ব্যয় (TC) অনুসূচী নীচে দেওয়া আছে। মোট স্থির ব্যয় (TFC), মোট পরিবর্তনশীল ব্যয় (TVC), গড় ব্যয় (AC) এবং প্রান্তিক ব্যয় (MC) অনুসূচী নির্ধারণ করো।

Quantity Produced উৎপাদনের পরিমাণ	TC মোট ব্যয়
0	10
1	40
2	60
3	80
4	95
5	110
6	130
7	160

10. Mention *four* differences between perfect competition and monopoly.

4

পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার এবং একচেটিয়া বাজারের চারটি পার্থক্য লেখো।

11. The demand and supply functions of a commodity is given by

$$Q_d = 100 - 2P$$

$$Q_s = 2P - 60$$

Find :

(i) Equilibrium price

(ii) Equilibrium quantity.

3+1=4

নীচে একটি দ্রব্যের যোগান এবং চাহিদা অপেক্ষক দেওয়া হয়েছে

$$Q_d = 100 - 2P$$

$$Q_s = 2P - 60$$

নির্ণয় করো :

(i) ভারসাম্য দাম

(ii) ভারসাম্য উৎপাদনের পরিমাণ।

OR/ অথবা

Explain with the help of a diagram, how shifting of the supply curve of a commodity affects its equilibrium price and output.

4

একটি দ্রব্যের যোগান রেখার স্থানান্তরে দ্রব্যটির ভারসাম্য দাম এবং উৎপাদনের পরিমাণকে কীভাবে প্রভাবিত করে চিত্রের সাহায্যে ব্যাখ্যা করো।

12. What do you understand by returns to a scale? Write the meaning of constant, increasing and decreasing returns to scale.

1+3=4

মাত্রার প্রতিদান বলতে কী বোঝ? সমহার, ক্রমবর্ধমান এবং ক্রমহাসমান মাত্রার প্রতিদানের অর্থ লেখো।

OR/ অথবা

State the reasons behind the working of the law of diminishing marginal product.

4

ক্রমহাসমান প্রান্তিক উৎপাদন বিধির কারণগুলি লেখো।

13. State and explain the law of demand with the help of an imaginary schedule and diagram.

6

চাহিদা বিধিটি লেখো এবং একটি কাল্পনিক চাহিদা অনুসূচী ও উপযুক্ত চিত্রের সাহায্যে সেটি ব্যাখ্যা করো।

OR/ অথবা

Calculate price elasticity of demand by expenditure method :

(i) If an increase in price from Rs. 10 to Rs. 12 per unit lowers quantity demanded from 25 units to 20 units.

(ii) If an increase in price per unit from Rs. 8 to Rs. 10 lowers quantity demanded from 20 to 16 units.

(iii) If a decrease in price from Rs. 12 to Rs. 8 per unit increases quantity demanded from 20 to 28 units.

2+2+2=6

ব্যয় পদ্ধতির মাধ্যমে চাহিদার স্থিতিস্থাপকতা নির্ণয় করো :

- (i) প্রতি একক দ্রব্যের দাম 10 টাকা থেকে 12 টাকা পর্যন্ত বৃদ্ধি হলে চাহিদার পরিমাণ 25 একক থেকে 20 একক পর্যন্ত হ্রাস পায়।
- (ii) প্রতি একক দ্রব্যের দাম 8 টাকা থেকে 10 টাকা পর্যন্ত বৃদ্ধি হলে চাহিদার পরিমাণ 20 একক থেকে 16 এককে হ্রাস পায়।
- (iii) প্রতি একক দ্রব্যের দাম 12 টাকা থেকে 8 টাকায় হ্রাস পেলে চাহিদা 20 থেকে 28 এককে বৃদ্ধি পায়।

14. Define :

- (i) Total Product (TP)
- (ii) Average Product (AP)
- (iii) Marginal Product (MP)

Explain the relation between AP and MP with the help of suitable diagram. 1+1+1+3=6

সংজ্ঞা লেখো :

- (i) মোট উৎপাদন
- (ii) গড় উৎপাদন
- (iii) প্রান্তিক উৎপাদন।

গড় উৎপাদন এবং প্রান্তিক উৎপাদনের সম্পর্ক উপযুক্ত চিত্রের সাহায্যে ব্যাখ্যা করো।

OR/ অথবা

- (i) What is production function ? 1

উৎপাদন অপেক্ষক কাকে বলে?

- (ii) What do you mean by fixed factor and variable factor of production ?
Give examples. 2

উৎপাদনের স্থির উপাদান এবং পরিবর্তনশীল উপাদান বলতে কী বোঝ? উদাহরণসহ লেখো।

- (iii) The production function of a firm is given by $Q = 2L^2K^2$.

Find out the maximum possible output that the firm can produce with 5 units of L and 2 units of K . What is the maximum possible output the firm can produce with zero (0) units of L and 10 units of K ? 3

একটি প্রতিষ্ঠানের উৎপাদন অপেক্ষক দেওয়া আছে $Q = 2L^2K^2$ ।

5 একক L এবং 2 একক K -এর সাহায্যে প্রতিষ্ঠানটি সর্বোচ্চ কত একক দ্রব্য উৎপাদন করতে পারবে? শূন্য (0) একক L এবং 10 একক K -এর সাহায্যে প্রতিষ্ঠানটির সর্বোচ্চ উৎপাদন কত হবে?

PART-B / খ-অংশ

15. (a) What is the relation between MPC and MPS? 1

MPC এবং MPS-এর মধ্যে সম্পর্কটি লেখো।

- (b) What is investment? 1

বিনিয়োগ কী?

- (c) What do you mean by 'velocity of circulation' of money? 1

মুদ্রার 'প্রচলন গতিবেগ' বলতে কী বোঝ?

- (d) Who is known as the 'lender of last resort'? 1

'শেষ/অন্তিম সময়ের ঋণদাতা' বলতে কাকে বোঝানো হয়?

- (e) What is government budget? 1

সরকারি বাজেট কী?

- (f) In which year GST came into effect in India? 1

ভারতবর্ষে কোন সাল থেকে GST বলবৎ করা হয়েছে?

16. Define intermediate good? How intermediate goods are different from capital goods? 1+1=2

মধ্যবর্তী দ্রব্যের সংজ্ঞা লেখো। মধ্যবর্তী দ্রব্যগুলি মূলধনী দ্রব্য থেকে কীভাবে পৃথক?

17. What is investment multiplier? If Rs. 200 crore increase in investment increases income by Rs. 800 crore, then what will be the value of investment multiplier? 1+1=2

বিনিয়োগ গুণক কী? যদি 200 কোটি টাকার বিনিয়োগ বৃদ্ধিতে আয় 800 কোটি টাকা বৃদ্ধি পায় তাহলে বিনিয়োগ গুণকের মান কত হবে নির্ণয় করো।

18. Write the differences between *ex-ante* investment and *ex-post* investment. 2

প্রত্যাশিত বিনিয়োগ এবং প্রকৃত বিনিয়োগের মধ্যে পার্থক্য লেখো।

19. Mention *two* points of superiority of Selective Credit Measures over Quantitative Credit Control Measures. 2

পরিমাণগত ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতির থেকে নির্বাচনমূলক ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতির দুটি শ্রেষ্ঠতার দিক উল্লেখ করো।

20. Write *two* differences between revenue expenditure and capital expenditure. 2

রাজস্ব ব্যয় এবং মূলধনী ব্যয়ের মধ্যে দুটি পার্থক্য লেখো।

21. What do you mean by devaluation of currency? How does it affect the import of a country? 1+1=2

মুদ্রার অবমূল্যায়ন বলতে কী বোঝ? মুদ্রার অবমূল্যায়ন একটি দেশের আমদানির পরিমাণকে কীভাবে প্রভাবিত করে?

22. Define GDP. Can GDP be used as an index of welfare of a country ? Justify your answer. 1+3=4

GDP-এর সংজ্ঞা লেখো। GDP-কে একটি দেশের কল্যাণের সূচকরূপে ব্যবহার করা যায় কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও।

23. How does the central bank use its quantitative credit control measures to control inflationary situation of an economy ? 4

একটি অর্থনীতির মুদ্রাস্ফীতি অবস্থা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় ব্যাঙ্ক পরিমাণগত ঋণ নিয়ন্ত্রণের পদ্ধতিগুলি কীভাবে ব্যবহার করবে?

OR/ অথবা

Write a note on 'demonetisation'. 4

'বিমুদ্রাকরণ'-এর বিষয়ে একটি টীকা লেখো।

24. What is a Deficit Budget ? Why a deficit budget is considered beneficial than a surplus budget for a developing economy ? 1+3=4

ঘাটতি বাজেট কী? উন্নয়নশীল অর্থনীতির ক্ষেত্রে বাড়তি বাজেটের থেকে ঘাটতি বাজেটকে কেন উপযোগী হিসাবে বিবেচনা করা হয়?

25. Mention four differences between Direct taxes and Indirect taxes. 4

প্রত্যক্ষ কর এবং পরোক্ষ করের মধ্যে চারটি পার্থক্য লেখো।

26. (i) What is balance of payment ? 1

পরিশোধের সমতা কী?

- (ii) What are the two main components of balance of payment ? 1

পরিশোধের সমতার মূল উপাদান দুটি কী কী?

- (iii) Write two differences between balance of payment and balance of trade. 2

পরিশোধের সমতা এবং বাণিজ্যের সমতার মধ্যে দুটি পার্থক্য লেখো।

OR/ অথবা

Write briefly about :

2+2=4

(i) Open Economy

(ii) Exchange Rate.

সংক্ষেপে লেখো :

(i) মুক্ত অর্থনীতি

(ii) বিনিময় হার।

27. Explain the procedures of calculating National Income by value-added method. 6

মূল্য সংযোজন পদ্ধতি দ্বারা জাতীয় আয় গণনা করার প্রক্রিয়াটি ব্যাখ্যা করো।

OR/ অথবা

From the data given below calculate :

(i) GDP at factor cost

(ii) GNP at market price

(iii) NNP at factor cost

(a) Consumption Expenditure	:	Rs. 2,000 crores
(b) Investment Expenditure	:	Rs. 1,200 crores
(c) Government Expenditure	:	Rs. 450 crores
(d) Export	:	Rs. 80 crores
(e) Import	:	Rs. 95 crores
(f) Net factor income from abroad	:	Rs. 60 crores
(g) Indirect taxes	:	Rs. 90 crores
(h) Subsidies	:	Rs. 80 crores
(i) Depreciation	:	Rs. 30 crores

নীচের তথ্য থেকে :

(i) উপাদান ব্যয়ে মোট/স্থূল ঘরোয়া উৎপাদন (GDP_{FC})

(ii) বাজার দরে মোট/স্থূল জাতীয় উৎপাদন (GNP_{MP})

(iii) উপাদান ব্যয়ে নিখুঁত/প্রকৃত জাতীয় উৎপাদন (NNP_{FC}) গণনা করো।

(a) উপভোগ ব্যয়	:	2,000	কোটি	টাকা
(b) বিনিয়োগ ব্যয়	:	1,200	”	”
(c) সরকারি ব্যয়	:	450	”	”
(d) রপ্তানি	:	80	”	”
(e) আমদানি	:	95	”	”
(f) বিদেশ থেকে নিট উপাদান আয়	:	60	”	”
(g) পরোক্ষ কর	:	90	”	”
(h) ভরতুকি	:	80	”	”
(i) অবক্ষয়	:	30	”	”

28. Explain the process of equilibrium income determination of an economy with the use of aggregate demand and aggregate supply curves.

6

সামগ্রিক যোগান এবং সামগ্রিক চাহিদা রেখার সাহায্যে একটি অর্থনীতির ভারসাম্য আয় নির্ধারণের প্রক্রিয়াটি চিত্র-সহ ব্যাখ্যা করো।

OR/ অথবা

What is aggregate demand ? Discuss the components of aggregate demand.
1+5=6

সামগ্রিক চাহিদা কী? সামগ্রিক চাহিদার উপাদানগুলি আলোচনা করো।

————— x —————